The Bangladesh Observer

তারিখ 26 AUG 1983
পৃষ্ঠা

025

# হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ

বাশেরহাট, দিনাজপুর

## ভর্তির বিজ্ঞপ্তি

### (শিক্ষা বর্ষ ১৯৮৭-৮৮)

হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজে ১৯৮৭-৮৮ ইং শিক্ষা বর্ষের ১ম বর্ষ কৃষি স্নাতক (সম্মান) কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাইতেছে। ভর্তি হইতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদিগকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান গ্রুপে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় প্রত্যেকটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। পদার্থ, রসায়ন, জীববিদ্যা অথবা কৃষি বিজ্ঞান অথবা গণিত প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে ৪৫% নম্বরসহ দুই পরীক্ষায় গড়ে শতকরা ৫৫ নম্বর পাইতে হইবে।

১৯৮৪ সনের পূর্বে যাহারা মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস করিয়াছে তাহাদের দরখাস্ত করার প্রয়োজন নেই।

মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান, জয়দেবপুর, গাজীপুর এবং অধ্যক্ষ হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, বাশেরহাট, দিনাজপুর অফিসে ভর্তির আবেদনপত্র ৪০.০০ (চল্লিশ) টাকা ব্যক্তিগতভাবে নগদ জমা দিয়া অথবা উক্ত টাকার ব্যাংক ড্রাফট (যাহা মহাপরিচালক, বি, এ, আর, আই সোনালী ব্যাংক, বি, এ, আর, আই শাখা, জয়দেবপুর, গাজীপুর বরাবরে) নিজ ঠিকানা লিখিত ৫.০০ (পাঁচ) টাকার ডাক টিকেট সংযুক্ত একটি বড় আকারের খাম মহাপরিচালক অথবা অধ্যক্ষের নিকট প্রেরণ করিয়া নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করা যাইবে। আবেদনপত্রটি ছুটির দিন ছাড়া অন্যান্য দিন সকাল ৯টা হইতে বিকাল ১টা পর্যন্ত মহাপরিচালক এবং অধ্যক্ষের অফিসে পাওয়া যাইবে। কোন পোষ্টাল অর্ডার বা মনি অর্ডার গ্রহণ করা হইবে না।

আবেদনপত্রের সঙ্গে প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হইবেঃ

(১) বোর্ড হইতে প্রাপ্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার নম্বর ফর্দের ফটোষ্ট্যাট কপি।
(২) স্কুল ও কলেজ প্রধানদের নিকট হইতে পরীক্ষার ফলাফল ও চরিত্রগত প্রশংসা পত্রের ফটোষ্ট্যাট কপি।
(৩) দুইখানা পাসপোর্ট সাইজের সাম্প্রতিক তোলা ছবি।
(৪) কোন জেলার (পুরাতন) অধিবাসী তাহা উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা উপজেলা বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ভুল তথ্যসম্বলিত অথবা অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

ভর্তি পরীক্ষা মোট ১০০ নম্বরের উপর অনুষ্ঠিত হইবে যাহার বন্টন নিম্নরূপঃ

(ক) উচ্চ মাধ্যমিক সিলেবাস অনুযায়ী পদার্থ, রসায়ন, জীববিদ্যা অথবা কৃষি বিজ্ঞান অথবা গণিত এই তিনটি এবং সাধারণ জ্ঞানসহ মোট ৪টি বিষয়ে লিখিত পরীক্ষা ৯০ নম্বর।
(খ) মৌখিক পরীক্ষা.............................................................১০"

১০০ নম্বর

লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মেধানুসারে সর্বমোট ২০০ (দুইশত) জন ছাত্র/ছাত্রীকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হইবে। ভর্তির আসন সংখ্যা ৬০। মোট আসন সংখ্যার অর্ধেক জাতীয় মেধাভিত্তিক ও বাকী অর্ধেক জনসংখ্যা অনুপাতে বিভিন্ন বৃহত্তর জেলার (পুরাতন জেলা) আবেদনকারীদের মধ্যে মেধানুসারে বন্টন করা হইবে।

ভর্তি পরীক্ষার কার্যক্রম নিম্নের সময়সূচী অনুযায়ী গৃহীত হইবেঃ-

১। ফরম বিক্রয়ের তারিখঃ ঃ ২৫-৮-৮৮ হইতে ১৫-৯-৮৮ ইং
২। ফরম জমা দেওয়ার শেষ তারিখ ঃ ১৭-৯-৮৮ ইং অপরাহ্ন ২-০০টা পর্যন্ত।
৩। প্রবেশপত্র সংগ্রহের স্থান ও তারিখ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান, জয়দেবপুর, গাজীপুর ও হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, বাশেরহাট, দিনাজপুর। ৪-১০-৮৮ ইং হইতে ৫-১০-৮৮ ইং।
৪। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় ঃ জয়দেবপুর, দিনাজপুর। ৭-১০-৮৮ ইং। সকাল ১০-০০টা।
৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ ঃ ১১-১০-৮৮ ইং
৬। মৌখিক পরীক্ষার তারিখ ঃ ১২-১০-৮৮ ইং হইতে ১৪-১০-৮৮ ইং।
৭। চূড়ান্ত ফলাফল ঘোষণার তারিখ ঃ ১৬-১০-৮৮ ইং
৮। ভর্তি স্থান ঃ হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, বাশেরহাট, দিনাজপুর।
৯। ভর্তির তারিখ ঃ চূড়ান্ত ফলাফল ঘোষণার সময় জানানো হইবে।

উপরোক্ত কর্মসূচী যে কোন পরিবর্তন যথাসময়ে পত্রিকা মারফৎ বিজ্ঞপ্তি আকারে জানানো হইবে। মৌখিক পরীক্ষার সময় মূল কাগজপত্র দাখিল করিতে হইবে। প্রার্থীকে অবশ্যই নিয়োজিত ডাক্তার কর্তৃক শারীরিক সুস্থ বলিয়া বিবেচিত হইতে হইবে।

মহাপরিচালক
বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান
জয়দেবপুর, গাজীপুর।

ডিএফপি(স)১০৪২৫-২০/৮

জিসি—৬১৮১